তাগিদ পত্র-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর,যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ,ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫-৮৮৩ তারিখঃ-০৭-১১-১৬ খ্রিঃ।

বিষয়ঃ- যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত আত্মকর্মসংস্থানে নিয়োজিতদের তথ্য ওয়েবসাইটে আপলোডকরণ সংক্রান্ত।

সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.০৫৫.১৩-১৭৯ তারিখঃ- ০৩/০৫/২০১৬ খ্রিঃ।
২। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫-৩৭৮ তারিখঃ- ০৮/০৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রমের মাধ্যমে সৃজিত আত্মকর্মীদের তালিকা (শুরু হতে এ পর্যন্ত) ওয়েবসাইটে আপলোড করার প্রক্রিয়ায় কিছু তথ্য বা ফাইল, ডকুমেন্ট ট্রান্সফার পদ্ধতিতে ইতোপূর্বে ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। বিভিন্ন উপজেলা হতে আপলোডকৃত তথ্য অসম হওয়ায় উহা ব্যবহার করে স্ব-স্ব উপজেলার স্বয়ংক্রিয় ডাটাবেজ তৈরী করা সম্ভব হচ্ছে না বিধায় সূত্রোক্ত ১নং পত্রের পদ্ধতি অনুসরণপূর্বক তথ্যসমূহ এক্সেল ফাইলে রূপান্তর করে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। তন্মধ্যে ৮টি উপজেলা যথাক্রমে (ধানমন্ডি ইউনিট-ঢাকা, বেলাব-নরসিংদী, সদর-ময়মনসিংহ, আটপাড়া-নেত্রকোণা, নগরকান্দা-ফরিদপুর,মেলান্দহ-জামালপুর, ডামুড্যা ও সদর-শরীয়তপুর, মুকসুদপুর-গোপালগঞ্জ) হতে তথ্য (তালিকা) প্রেরণ করা হয়। প্রেরিত তথ্য (তালিকা) ক্রুটিযুক্ত হওয়ায় ক্রুটিসমূহ উল্লেখ করে সুত্রোস্থ ০১ নং পত্রের নির্দেশনা পুংখানুপুংখরূপে অনুসরণ করে সংশোধিত তথ্য (তালিকা) ১০/১০/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে পুনরায় প্রেরণ এবং যারা কোন তথ্য প্রেরণ করেনি তাদের ৩০/১০/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে তথ্য প্রেরণের নির্দেশনা দিয়ে সূত্রোস্থ ২নং পত্র পাঠানো হয়। উপরোক্ত ৮টি উপজেলার মধ্যে ৩টি উপজেলা হতে এবং যে সব উপজেলা ইতোপূর্বে এক্সেল ফাইলে তথ্য প্রেরিত হয়নি তৎমধ্যে ২১টি উপজেলা হতে তথ্য প্রেরণ করা হয়েছে।

০২। তিনটি উপজেলার পুনঃপ্রেরিত সংশোধিত তথ্য (তালিকা) যাচাই করে দেখা যায়, শুধুমাত্র বেলাব নরসিংদী হতে সঠিকভাবে তথ্য প্রেরণ করা হয়েছে। মুকসুদপুর উপজেলা হতে প্রেরিত তথ্যে ০৬নং কলামে প্রশিক্ষণ বিষয়ের নাম ইংরেজিতে লিখার পরিবর্তে বাংলায় লিখা হয়েছে এবং 'ডট' চিহ্ন ব্যবহার করা হয়েছে। শরীয়তপুর সদর উপজেলা হতে প্রেরিত তথ্যে ৪,৮,ও ১১নং কলামে ''ঐ" এবং ১৩ নং কলামে শুধু B এর স্থলে "B" দেয়া হয়েছে। উল্লেখ্য সুত্রোস্থ ০১নং পত্রের ড নং অনুচ্ছেদের নির্দেশনায় ১৩নং কলাম পুরণের ক্ষেত্রে 'o' "L" "B" বর্ণ ব্যবহার করে ভুলবশতঃ ইনবার্টেড কমা (" ") ব্যবহার করা হয়েছে। তথ্য/ ছকের তালিকা সংশোধনের ক্ষেত্রে ঐ, '' ", ( ,,), - এরূপ কোন চিহ্ন ব্যবহার না করার জন্য সূত্রোস্থ ২নং পত্রের মারফত অনুরোধ জানানো হয়েছে। তাছাড়া ১নং সূত্রের পত্রের সাথে প্রদত্ত উদাহরণে বিষয়টি স্পষ্টী করা হয়েছে।

০৩। গত ৩০/১০/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে যেসব উপজেলা হতে তথ্য পাওয়া গিয়েছে সেসব উপজেলা হতে ক্রুটিযুক্ত ও তথ্য বিহীন ফাইল প্রেরণ করা হয়েছে, যা অনাকাঙ্খিত। ক্রুটির বিবরণসহ উপজেলাসমূহের তালিকা নিম্নে প্রদত্ত হলো ঃ

| ক্রমিক নং | জেলার নাম | যে সকল উপজেলা হতে সঠিক তথ্য প্রেরণ করা হয়েছে | যে সকল উপজেলার তথ্যে ক্রুটি রয়েছে | ক্রুটির বিবরণ |
|---|---|---|---|---|
| ০১ | গোপালগঞ্জ | | টুংগীপাড়া | এম,এস,ওয়ার্ডে ফাইল প্রেরণ করা হয়েছে। |
| ০২ | মাদারীপুর | | শিবচর | তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে। |
| ০৩ | শরীয়তপুর | | ডামুড্যা | তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে। |
| | | | নড়িয়া | এম,এস,ওয়ার্ডে ফাইল প্রেরণ করা হয়েছে। |
| ০৪ | গাজীপুর | | সদর,কালিয়াকৈর | তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে। |
| ০৫ | মানিকগঞ্জ | | সদর, দৌলতপুর | তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে। |
| ০৬ | টাংগাইল | | সদর | ৬,৭,৮,৯,১৯ নং কলামে "ঐ" এবং ১০-১৭ পর্যন্ত (-) দেয়া হয়েছে। |
| | | | কালিহাতি | তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে। |
| ০৭ | ময়মনসিংহ | | সদর,ধুবাউড়া | তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে। |
| ০৮ | কিশোরগঞ্জ | | করিমগঞ্জ,ভৈরব | তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | ফরিদপুর | - | নগরকান্দা | তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে। |
| ১০ | জামালপুর | | মাদারগঞ্জ,মেলান্দহ | তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে। |
| ১১ | রাজবাড়ী | | পাংশা | এক্সেল ফাইলে প্রেরিত কিন্তু নির্দেশনা মোতাবেক ছক পূরণ করা হয়নি। |
| | | | গোয়ালন্দ | ৬,৭,৯,১৯ নং কলামে ”(ডট) এবং ১০-১৭ পর্যন্ত (-) চিহ্ন দেয়া রয়েছে। |
| | | | বালিয়াকান্দি | ৭ নং কলামে (-) চিহ্ন এবং ৮ নং কলামে তারিখের স্থলে সময় দেয়া হয়েছে ১০ নং কলামে “ঐ” দেয়া হয়েছে, ১৪ নং কলামে টাকার (/=) দেয়া হয়নি। |
| ১২ | শেরপুর | | নকলা | তথ্য বিহীন ফাইল পাঠানো হয়েছে। |

০৪। এমতাবস্থায় যে সকল উপজেলা হতে ত্রুটিযুক্ত তথ্য এবং তথ্যবিহীন ফাইল প্রেরণ করা হয়েছে সেসব উপজেলাকে যাচাইবাছাইপূর্বক সংশোধিত তথ্য প্রেরণের জন্য এবং যে সমস্ত কার্যালয় হতে এ পর্যন্ত ১নং সূত্রোস্থ পত্রের নির্দেশনা মোতাবেক কোন তথ্য/তালিকা প্রেরণ করা হয়নি সে সকল কার্যালয়কে পত্রের নির্দেশনা অনুসরণপূর্বক আগামী ৩০/১১/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে বাধ্যতামূলকভাবে সংশোধিত তথ্য (তালিকা) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধসহ চূড়ান্ত সময়সীমা নির্ধারণ করা হলো। নির্ধারিত সময়ে তথ্য প্রেরণে ব্যর্থতার দায়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষ প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ ।

(নাসরিন আক্তার)
কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার ও ডেস্ক কর্মকর্তা
(দাঃ বিঃ ও ঋণ শাখা)

১। উপ-পরিচালক/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর(সকল)
যুব উন্নয়ন অধিদপ্তর, ------------------জেলা।
২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(সকল),যুব উন্নয়ন অধিদপ্তর.........উপজেলা...........জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫- ৪৮৬ তারিখঃ- ০৭-১১-২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। সহকারী পরিচালক, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী,যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
০৩। অফিস কপি/গার্ড নথি।

(নাসরিন আক্তার)
কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার ও ডেস্ক কর্মকর্তা
(দাঃ বিঃ ও ঋণ শাখা

বিঃ দ্রঃ সূত্রোক্ত ০১ নং পত্রের উদাহরণের বাইরে ছকে কোন চিহ্ন, যেমন ‘ঐ’, ‘(,,)’, ‘ – ’ এরূপ চিহ্ন ব্যবহার করা যাবে না।